গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহারোল,দিনাজপুর।

## উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল,দিনাজপুর।

সভার স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,কাহারোল,দিনাজপুর।

তারিখ : ১৩ আগস্ট,২০২৫খ্রিঃ।

সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য)

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর সভাপতি আজকের সভার আলোচ্য সূচী অনুযায়ী বক্তব্য উপস্থাপনের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা,কাহারোল এস.এফ.এন.টি.সি এবং পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য সচিবকে অনুরোধ করেন। তখন সদস্য সচিব সভায় আলোচ্য সূচী পড়ে শোনান।

আলোচ্য সূচীঃ জলবায়ু ট্রাস্ট ফান্ডের আওতায় উত্তোলিত ৫,০০০টি বিবিধ প্রজাতির চারা বিনামূল্যে বিতরণ সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ

সদস্য সচিব সভায় জানান যে,চলতি ২০২৫-২৬ আর্থিক সনে কাহারোল এস.এফ.এন.টি.সি-তে জলবায়ু ট্রাস্ট ফান্ডের আওতায় ৫,০০০টি বিবিধ প্রজাতির চারা বিনামূল্যে বিতরণ এর জন্য উত্তোলন করা হয়েছে। বর্ণিত চারা কাহারোল উপজেলার অবক্ষয়িত বন,পতিত জায়গা,স্কুল,কলেজ,মাদ্রাসা,মসজিদ,মন্দির,কবরস্থান ইত্যাদিতে লাগানো যেতে পারে। এছাড়া ব্যক্তিগত পযায়ে (যদি কারো আগ্রহ থাকে) পতিত জায়গায় লাগানোর জন্য বিতরণ করা যেতে পারে। উক্ত চারা সেপ্টেম্বর/২৫ মাসে বিতরণের কাজ সম্পন্ন করার বাধ্যবাধকতা আছে। এমতাবস্থায় তিনি সবার সহযোগিতা কামনা করে চারা বিতরণের তালিকা প্রস্তুতের জন্য সভায় অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি ভাবে কাহারোল এস.এফ.এন.টি.সি-তে জলবায়ু ট্রাস্ট ফান্ডের আওতায় উত্তোলিত ৫,০০০টি বিবিধ প্রজাতির চারা কাহারোল উপজেলার অবক্ষয়িত বন,পতিত জায়গা, স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ,মন্দির,কবরস্থান ইত্যাদিতে লাগানোর জন্য চাহিদামত দরখাস্ত আহবান করার এবং সেমতে বিতরণের কাজ যথাসময়ে সম্পন্ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/০৮/২৫
মোকলেদা খাতুন মীম
সভাপতি
উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল,দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়
কাহারোল এস.এফ.এন.টি.সি.
সামাজিক বন বিভাগ,দিনাজপুর।

স্মারক নং-২২.০১.২৭.৫৬.২৭৬.২৮.০০০.২৫.৭৭৭ তারিখঃ ১৩/০৮/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। বিভাগীয় বন কর্মকর্তা,সামাজিক বন বিভাগ,দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার,কাহারোল,দিনাজপুর।
৩। সহকারী বন সংরক্ষক,সামাজিক বন বিভাগ,দিনাজপুর।
৪। উপজেলা------------------------------অফিসার,কাহারোল,দিনাজপুর।
৫। চেয়ারম্যান,------------------------- ইউ.পি,কাহারোল,দিনাজপুর।
৬। অফিস কপি।

১৩/০৮/২৫
মোঃআনোয়ারুল ইসলাম
সদস্য সচিব
উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটি
ও
ভারপ্রাপ্ত কর্মকর্তা
কাহারোল এস.এফ.এন.টি.সি
সামাজিক বন বিভাগ,দিনাজপুর।

অদ্য ১৩/০৮/২০২৫ খ্রিঃতারিখ উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটি কাহারোল,দিনাজপুর এর সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ

| ক্রঃনং | নাম | পদবী ও অফিস | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মল্লিকা রানী মোহানবীশ | উপজেলা কৃষি অফিসার<br>কাহারোল, দিনাজপুর। | |
| ২ | ডা. মো. আবু সরফরাজ হোসেন | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা<br>কাহারোল, দিনাজপুর | |
| ৩ | মো. আনোয়ারুল ইসলাম | ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>কাহারোল SFNTC | |
| ৪ | মোঃ আনোয়ার হোসেন শাহিন | চেয়ারম্যান ৫নং সুন্দরপুর ইউ.প.<br>কাহারোল দিনাজপুর | |
| ৫ | | | |